

## ভর্তি

# ডেন্টালে ভর্তি, প্রথম দফায় মেইগ্রেশন ও অপেক্ষমাণ তালিকা থেকে মনোনীত ৫৬

নিজস্ব প্রতিবেদক ঢাকা



সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল ডেন্টাল ইউনিটে ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে প্রথম দফায় মেইগ্রেশন ও অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির জন্য [বিজ্ঞপ্তি](#) প্রকাশ করা হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিডিএস কোর্সে সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটের শূন্য আসনে মেধা ও পছন্দের ভিত্তিতে প্রথম দফায় মাইগ্রেশন শেষে অপেক্ষমাণ তালিকা থেকে ৫৬ জনকে সরকারিভাবে মনোনীত করা হয়েছে। ঢাকা ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটগুলোতে সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের কলেজের অধ্যক্ষের দপ্তরে যোগাযোগ করে ২৬ জুনের মধ্যে মাইগ্রেশনপ্রক্রিয়া অর্থাৎ বর্তমান কলেজ/ইউনিট থেকে বদলি করো কলেজে ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে বলা হয়েছে। এ সময়ের মধ্যে মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি হতে না পারলে উভয় কলেজে ছাত্রত্ব বাতিল হয়ে যাবে। অন্যদিকে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ২৬ জুনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তিপ্রক্রিয়া শেষ করতে বলা হয়েছে।

অপেক্ষমাণ তালিকা ও মাইগ্রেশনের ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের [ওয়েবসাইট](#) এবং স্বাস্থ্য অধিদপ্তরের [ওয়েবসাইট](#) থেকে

সংক্রান্ত তথ্য জানানো হবে।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো